

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২১৫

১/ বিবিধ

আরবী

غرة العرب كنانة، وأركانها تميم، وخطباؤها أسد، وفرسانها قيس، ولله تبارك وتعالى من أهل السماوات فرسان، وفرسانه في الأرض قيس باطل

رواه ابن عساكر (16/206/1) عن المستهل بن داود التميمي: نا عبد السلام بن مكلبة عن عثمان بن عقال عن بان أبي مليكة عن أبي ذر الغفاري مرفوعا قلت: وهذا إسناد مظلم لحديث باطل، أورده ابن عساكر في ترجمة المستهل هذا، ولم يذكر فيه جرحا ولا تعديلا، والراويان فوقه لم أجد من ذكرهما! ولعل الأول منهم هو آفة الحديث فإنه تميمي! والحديث مما سود به السيوطي جامعه الصغير، وبيض له المناوي في كتابيه

বাংলা

১২১৫। আরবের মর্যাদা (তাদের সর্বোত্তমরা) কেনানাহ্ গোত্রে, তার স্কম্বণ্ডলো হচ্ছে তামীম গোত্রে, তার খাতীবরা হচ্ছে আসাদ গোত্রে, তার অশ্বারোহীরা হচ্ছে কায়েস গোত্রে, আল্লাহ রব্বুল আলামীনের জন্য যমীনবাসীদের মধ্য থেকে অশ্বারোহী রয়েছে আর যমীনের মধ্যে তাঁর অশ্বারোহী হচ্ছে কায়েস গোত্র।

হাদীসটি বাতিল।

হাদীসটি ইবনু আসাকির (১৬/২০৬/১) মুসতাহিল ইবনু দাউদ দামীমী হতে, তিনি আব্দুস সালাম ইবনু মুকলিবাহ হতে, তিনি উসমান ইবনু ইকাল হতে, তিনি ইবনু আবী মুলায়কাহ হতে, তিনি আবূ যার গিফারী (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।



আমি (আলবানী) বলছিঃ এ বাতিল হাদীসটির সনদ অন্ধকারাচ্ছন। হাদীসটিকে ইবনু আসাকির বর্ণনাকারী মুসতাহিলের জীবনী আলোচনা করতে গিয়ে উল্লেখ করে তার সম্পর্কে ভালো-মন্দ কিছুই উল্লেখ করেননি। তার উপরের দু'জন বর্ণনাকারীকে কে উল্লেখ করেছেন আমি পাচ্ছি না। সম্ভবত প্রথমজন হাদীসটির সমস্যা, তিনি হচ্ছেন তামীমী।

হাদীসটিকে সুয়ৃতী তার "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করে গ্রন্থটিকে কালিমাযুক্ত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন